


❖ উৎপাদন সম্ভাবনা রেখা কাকে বলে? সূচি ও চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।

উ: উৎপাদন সম্ভাবনা রেখা হচ্ছে এমন একটি রেখা যার বিভিন্ন বিন্দুতে সীমিত সম্পদ ও চলিত প্রযুক্তি সাপেক্ষে দুটো উৎপাদিত দ্রব্যের সম্ভাবনাময় বিভিন্ন সংমিশ্রণ প্রকাশ পায়।

নিম্নে সূচি ও চিত্রের সাহায্যে উৎপাদন সম্ভাবনা রেখা ব্যাখ্যা করা হলো।

| সংমিশ্রণ | X দ্রব্য (টাকা) | Y দ্রব্য (টাকা) |
|----------|-----------------|-----------------|
| a | ০ | ৩০ |
| b | ২০ | ২০ |
| c | ৩০ | ০ |

উৎপাদন সম্ভাবনা সূচির ভিত্তিতে বিভিন্ন সম্ভাবনায় ও দ্রব্যেও পরিমাণ গ্রহণ করে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন করা হলো।



চিত্রের ভূমি অক্ষে X দ্রব্য এবং লম্ব অক্ষে Y দ্রব্য। প্রদত্ত সূচির আলোকে শুধু Y দ্রব্য উৎপাদন করলে ৩০ একক Y দ্রব্য উৎপাদন করা যায়, এক্ষেত্রে X উৎপাদন শূন্য যা A বিন্দু দ্বারা নির্দেশিত হয়েছে। আবার শুধু X দ্রব্য উৎপাদন করলে ৩০ একক X দ্রব্য উৎপাদন করা যায়, এক্ষেত্রে Y উৎপাদন শূন্য যা C বিন্দু দ্বারা নির্দেশিত হয়েছে। B বিন্দুতে ২০ একক X দ্রব্য এবং ২০ একক Y দ্রব্য উৎপাদন দেখানো হয়েছে। এখন প্রাপ্ত A,B,C বিন্দুগুলো যোগ করে AC উৎপাদন সম্ভাবনা রেখা পাওয়া যায়। এখন উৎপাদনকারী সিদ্ধান্ত নিবে কোন দ্রব্যটি তার বেশি প্রয়োজন এবং প্রয়োজন অনুযায়ী সে যেকোন বিন্দুতে উৎপাদন করতে পারবে।